



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১৩- ৯৪

তারিখঃ ০৩ জুন ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

গণমাধ্যমে প্রকাশিত ফেনীর সোনাগাজীতে করোনাভাইরাস সংক্রমণের উপসর্গ জ্বর, কাশি ও শ্বাসকষ্ট নিয়ে সাহাব উদ্দিনের নিজ ঘরে অত্যন্ত অমানবিকভাবে মৃত্যুর ঘটনায় নিন্দা প্রকাশ করছে জাতীয় মানবাধিকার কমিশন।

গণমাধ্যম সূত্রে জানা যায়, মৃত্যুর আগে পরিবারের লোকজন তাঁকে ঘরে একা রেখে বাইরে থেকে দরজার ছিটকিনি লাগিয়ে রাখে। দেওয়া হয়নি দুপুরের খাবার। মৃত্যুর সময় পানি চেয়েও পাননি। মৃত্যুর পরও কাছে আসেননি স্ত্রী, ছেলে-মেয়ে ও জামাতাসহ কোন স্বজন। মৃত্যুর পর পাননি স্থানীয় মসজিদের খাটিয়া, কেউ দেয়নি কবর খোঁড়ার কোদালও। একজন মানুষ মৃত্যুশয্যায় আপনজনের কাছ থেকে এমন অমানবিক আচরণ পাবেন এটি কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এমন অমানবিক নিষ্ঠুর ঘটনা আদিম বর্বরতাকেও হার মানায়। কমিশন মনে করে এমন অমানবিক আচরণের জন্য দায়ীদের আইনের আওতায় আনা প্রয়োজন। করোনাকালে যে কেউ যেকোনো সময় এই অবস্থার শিকার হতে পারেন। করোনায় আক্রান্ত হওয়াটা কোন অপরাধ নয়। সকলকে দায়িত্বশীল ও মানবিক আচরণ করার আহবান জানায় কমিশন। পাশাপাশি তৃণমূলের জনগণকে এ বিষয়ে সচেতন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আহবান জানায়।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ